



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ, ফেনী

তারিখ : ২৪/০২/২০২০ খ্রি.

**২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে অধিভুক্ত বিষয়সমূহে
ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত বিজ্ঞপ্তি**


২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ফেনী সরকারী কলেজে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে অনলাইনে ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েব সাইট (www.nu.edu.bd/admission) থেকে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী সম্পন্ন করতে হবে। উক্ত প্রোগ্রামে আবেদন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের নিম্নবর্ণিত ধাপ/নির্দেশনা অনুযায়ী আবেদন ফরম জমা দিতে হবে।

১। আবেদনের সাধারণ যোগ্যতা

- এ ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এছাড়া প্রার্থীর প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচলু বিষয়টি স্নাতক (পাস) পর্যায়ে ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.০ পেতে হবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তির সুযোগ পাবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে “জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে তারা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তি যোগ্যতার শর্ত পূরণ সাপেক্ষে আবেদনের সুযোগ পাবে।

২। আবেদনের নিয়মাবলী :

- প্রথম ধাপ : অনলাইনের প্রাথমিক আবেদন ২৫/০২/২০২০ থেকে ০৮/০৩/২০২০ তারিখ এর মধ্যে আবেদনকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েব সাইট (www.nu.edu.bd/admission) থেকে ফরম ডাউনলোড করে নিতে হবে।
- দ্বিতীয় ধাপ : ২৬/০২/২০২০ হতে ০৯/০৩/২০২০ তারিখের মধ্যে আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করে সকাল ৯-০০ টা হতে ২-০০ টা পর্যন্ত সময়ের মধ্যে আবেদন ফি বাবাদ ৩০০/- (তিনশত) টাকাসহ বাংলা, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, সমাজকর্ম, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, প্রাণিবিদ্যা, উদ্ভিদবিদ্যা ও গণিত সহ সকল বিষয়ের প্রার্থীগণ তাদের আবেদন ফরম পুরাতন প্রশাসনিক ভবন-এ (লাল ভবন) জমা দিতে হবে।
- আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমের সংঙ্গে প্রার্থীর স্নাতক (পাস) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও দ্বৈত ভর্তি সম্পর্কিত অঙ্গীকার নামার সত্যায়িত কপি এবং জমাকৃত টাকার রশিদের ফটোকপি সংযুক্ত করে জমা দিতে হবে।
- অসম্পূর্ণ আবেদন ফরম গ্রহণ করা হবে না।


অধ্যক্ষ ২৪/০২/২০২০

ফেনী সরকারি কলেজ, ফেনী

অধ্যক্ষ

ফেনী সরকারি কলেজ, ফেনী


২৪/০২/২০২০